# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন সালাতের জামা'আত বিলম্বে কায়েম করা হবে, তখন ব্যক্তির প্রতি নির্দেশ হলো তিনি একাকী সেই সালাত পড়ে নিবেন, তারপর লোকদের সাথে জামা'আতে দ্বিতীয়বার আদায় করবেন, যদি তা সময়ের মধ্যে আদায় করা হয়

ذِكْرُ الْأَمْرِ لِمَنْ أَخَّرَ إِقَامَةَ الصَّلَاةِ عَنْ وَقْتِهَا أَنْ يُصَلِّيَ وَحْدَهُ ثُمَّ يُصَلِّيَ مَعَهُمْ ثَانِيًا إِذَا كَانَتْ فِي الْوَقْتِ

---

আরবী

2399 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عِمْرَانُ بْنُ مُوسَى الْقَزَّازُ قَالَ: حَدَّثَنَا عَبْدِ الْوَارِثِ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ عَنْ أَبِي الْعَالِيَةِ الْبَرَاءِ قَالَ: أَخَّرَ ابْنُ زِيَادٍ الصَّلَاةَ فَأَتَانِي عَبْدُ اللَّهِ بْنُ الصَّامِتِ فَأَلْقَيْتُ لَهُ كُرْسِيًّا فَجَلَسَ عَلَيْهِ فَذَكَرْتُ لَهُ صَنِيعَ ابْنِ زِيَادٍ فعضَّ عَلَى شَفَتِهِ ثُمَّ ضَرَبَ بِيَدِهِ عَلَى فَخِذِي وَقَالَ: إِنِّي سَأَلْتُ أَبَا ذَرٍّ فَضَرَبَ فَخِذِي كَمَا ضَرَبْتُ فَخِذَكَ فَقَالَ: إِنِّي سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا سَأَلْتَنِي وَضَرَبَ فَخِذِي كَمَا ضَرَبْتُ فَخِذَكَ فَقَالَ: (صَلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا فَإِنْ أَدْرَكْتَ مَعَهُمْ فصلِّ وَلَا تَقُلْ: إِنِّي قَدْ صَلَّيْتُ فَلَا أُصَلِّي).
الراوي : أَبُو الْعَالِيَةِ الْبَرَاء | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2399 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (483)، ((التعليق على ابن خزيمة)) (1637).

বাংলা

২৩৯৯/*. আবুল আলিয়া আল বারা থেকে বর্ণিত, তিনি বলেন, “ইবনু যিয়াদ সালাতকে পিছিয়ে দেন। তারপর একবার আমার কাছে আব্দুল্লাহ বিন সামিত আসলে, আমি তাকে বসার জন্য চেয়ার দেই, তিনি তার উপর বসেন। অতঃপর আমি তার কাছে ইবনু যিয়াদের এহেন কর্মকান্ড সম্পর্কে আলোচনা করি। তখন তার ঠোটে কামড় দেন তারপর আমার উরুতে হাত দিয়ে আঘাত করেন এবং বলেন, “আমি আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুকে এই

প্রশ্ন করেছিলাম, অতঃপর তিনি আমার উরুতে হাত দিয়ে আঘাত করেন যেভাবে আমি তোমার উরুতে আঘাত করেছি। তারপর তিনি আমাকে বলেছেন, “আমি এই বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে  প্রশ্ন করেছিলাম, যেভাবে তুমি আমাকে প্রশ্ন করেছো, আর তিনি আমার উরুতে আঘাত করেন, যেভাবে আমি তোমার উরুতে আঘাত করেছি, তারপর তিনি বলেছেন, “তুমি সময় মতো সালাত আদায় করে নিবে। অতঃপর যদি তাদেরকে (সালাত আদায় করতে) পাও, তবে তাদের সাথে (আবার) সালাত আদায় করবে। এটা বলবে না যে, আমি তো সালাত আদায় করেছি, কাজেই আমি (পুনরায়) সালাত আদায় করবো না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৪৭; সহীহ মসলিম: ৬৪৮; নাসাঈ: ২/৭৫; আবূ আওয়ানা: ২/৩৫৬; সুনান বাইহাকী: ২/২৯৯; তিরমিযী: ১৭৬; ইবনু মাজাহ: ১২৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুল আলীয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91721

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন